

“এবং মহুয়া”-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.-CARE List-I 2021)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ২০২১ সালে প্রকাশিত  
১৬ পৃ. তালিকার (৩১৯ টির মধ্যে) ৩ পৃ. ৬০ নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৪১ (বিশেষ) সংখ্যা, নভেম্বর, ২০২১



সম্পাদক  
ডা. মদনমোহন বেরা

কে. কে. প্রকাশন  
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'এবং মহুয়া'-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ(UGC-CARE list-I 2021)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ১৬পৃ.তালিকার (৩১৯টির মধ্যে) ৩ পৃ.৬০নং উল্লেখিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৪১ (বিশেষ) সংখ্যা

নভেম্বর, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

**U.G.C.- CARE List-I 2021 approved journal, Indian  
Language-Arts and Humanities Group, out of 16 pages  
placed in Page 3 & No.60 out of 319**

## **EBONG MOHUA**

**Bengali Language, Literature, Research and Refereed with  
Peer-Review Journal**

**23th Year, 141 (Special) Volume**

**Nov, 2021**

**Published By**

**K. K. Prakashan**

**Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.**

**DTP and Printed By**

**K.K.Prakashan**

**Cover Designed By**

**Kohinoorkanti Bera**

**Special Editorial Co-ordinator**

**Amit Kumar Maity**

**Communication :**

**Dr. Madanmohan Bera, Editor.**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

**Mob.-9153177653**

**Email- madanmohanbera51@gmail.com /**

**kohinoor bera @ gmail.com**

**Rs 500**

বিপর্যয়: ঔপনিবেশিকতাবাদের আলোকে একটি পর্যালোচনা	
:: অম্বিদেব মাঝা.....	২৩২
২২.মিজোরামে বাঁশের পুষ্পাঙ্গামজনিত দুর্ভিক্ষ	
:: নির্মল কুমার মাহাত .....	২৪২
২৩.তালাক ও মুসলিম সমাজ :: সেখ আহাসান কেরিম .....	২৪৭
২৪.দক্ষিণ দিনাজপুর জেলার সমাজ ও সংস্কৃতিতে ইসলামীয়	
মরমিয়াবাদ : প্রসঙ্গ দরগা সংস্কৃতি :: ড. বিশ্বরূপ সাহা.....	২৫৫
২৫.ভূটান থেকে বহিষ্কৃত নেপালিদের প্রেক্ষিতে ইন্দো-	
নেপাল- ভূটান সম্পর্ক :: স্বাধীন ঝা.....	২৬৫
২৬.বাংলা কথাসাহিত্যে মন্বন্তর: আলোচনায় চর	
কাশেম উপন্যাস :: উৎকলিকা সাহ.....	২৭২
২৭.ধনপতির সিংহল যাত্রা : পুরাণের নবরূপায়ণ	
:: ড. বরুণ মণ্ডল.....	২৮৪
২৮.স্বাধীনতার প্রেক্ষাপটে কালিদাস লেখনীতে রাজা ও	
রাজ্যশাসন :: সুপ্রীতি সাহা.....	২৮৯
২৯.লৌকিক জীবনের স্বপ্নভূমি : সুন্দর বনের ব-দ্বীপ	
:: দেবজ্যোতি শীট .....	২৯৭
৩০.বৈদিক ও লৌকিক সংস্কৃত সাহিত্যে নারীর অবস্থান	
একটি পর্যালোচনা :: ড. রমেন ভদ্র.....	৩১০
৩১.বৈদিক বাঙময়ে নারী :: ড. বিপুল চন্দ্র বেপারী.....	৩১৮
৩২.কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রচলিত	
গোপন-সাংকেতিক ভাষা : সমাজভাষাবিজ্ঞানের আলোকে বিশ্লেষণ	
:: ড. এ.টি.এম. সাহাদাতুল্লা.....	৩২৬
৩৩.ভাসের রূপকসমূহে চিত্রিত নারীচরিত্রের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ	
:: ড. হুসনা পারভিন.....	৩৩৬
৩৪.কৃষ্ণবর্ণ পরিচয় ও অভিজ্ঞতা: আমাদান গোরম্যানের অভিনয়	
কবিতার একটি আধায়ন :: ডা. মোঃ হুমায়ূন এস.কে.....	৩৪৩
৩৫.মীর মোশাররফ হোসেনের 'জমিদার দর্পণ': জমিদারের	
অত্যাচার ও নির্যাতনের দর্পণ :: কনক রায়.....	৩৫১
৩৬.'চন্দ্রশোক' থেকে 'ধর্মাশোক' : এক অনন্য উত্তরণ	
:: মৃগাল চন্দ্র দাস.....	৩৫৭
৩৭.বেগম রোকেয়া: বিংশ শতকের প্রথমার্ধে মুসলমানের বাংলা	
এবং ইংরেজি ভাষা ও সাহিত্য চর্চায় একটি উজ্জ্বল নক্ষত্র	
:: সাহিনা আখতার.....	৩৬৬

## ভূটান থেকে বহিস্কৃত নেপালিদের প্রেক্ষিতে

### ইন্দো- নেপাল- ভূটান সম্পর্ক

স্বাধীন বা

জাতিসত্তার অধিকার রক্ষার আন্দোলন বর্তমান দুনিয়ার একটি তাৎপর্যপূর্ণ ঘটনা সমূহের অন্যতম। পৃথিবীর বিভিন্ন অঞ্চলে নানা আর্থ-সামাজিক কারনের প্রেক্ষিতে জাতিসত্তার আন্দোলন গুলির আত্মপ্রকাশ ঘটছে। মুখ্যত দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তীকালে পৃথিবীর বিভিন্ন মহাদেশে অব-উপনিবেশীকরণের ফলে বহু জাতি অধ্যুষিত দেশ গুলিতে সামাজিক - অর্থনৈতিক তথা রাজনৈতিক সুরক্ষা ও অপরাপর জাতিগুলির থেকে নিজেদের সাংস্কৃতিক স্বাভাবিকতা বজায় রাখার জন্যই জাতিসত্তার আন্দোলন গুলির উদ্ভব। অতীতের প্রেক্ষাপটে জাতিগত আন্দোলনের বৈশিষ্ট্য ছিল ভিন্ন ধরার, যেখানে জাতিগত আন্দোলনের সাথে জাতীয়তার প্রশ্নটি গুরুত্বপূর্ণ ছিল। কিন্তু অতি সম্প্রতি সংঘটিত জাতিসত্তার আন্দোলন গুলির চরিত্র পর্যালোচনা করলে দেখা যায় যে একটি জাতি-র (ব্যাপক অর্থে জাতি বলতে যা বোঝায়) মধ্যেই বসবাসকারী বহু জাতিসত্তার সুরক্ষা ও অধিকার রক্ষার প্রশ্নে আরেকটি জাতিসত্তার আন্দোলন গড়ে উঠছে। এই আন্দোলন গুলি অনেক অর্থেই হয়ে উঠছে 'অতি-সক্রিয়' (Supra-active) এবং বৃহত্তর জাতি ভাবনার পরিপন্থী; আজকের পরিভাষায় এই জাতীয় আন্দোলনের চরিত্র হল 'উপ-জাতীয়তাবাদী' (Sub-nationalism)। দক্ষিণ এশীয় রাজনীতিতে জাতিসত্তার আন্দোলন গুলিকে অনেকে ঠান্ডা লড়াই পরবর্তী রাজনীতির সঙ্গেও জুড়ে দেখছেন। কিন্তু ১৯৮০-র দশক থেকে বিশ্ব রাজনীতি ও অর্থনীতিতে যে অভূতপূর্ব পরিবর্তন ঘটেছে তার প্রভাবে সমাজ ও সাংস্কৃতিক জগতেও দ্রুততার সাথে পরিবর্তন সংঘটিত হয়েছে এবং এখনও তা হচ্ছে। এই পরিবর্তনের অন্যতম একটি কারণ হল অর্থনৈতিক - বাণিজ্যিক পরিসীমা একদিকে যেমন সম্প্রসারিত হয়েছে; তেমনি আঞ্চলিক